ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৮৫ ● কলকাতা ● ১৫ চৈত্র, ১৪৩১ ● শনিবার ● ২৯ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


# এপ্রিলেই বিজেপির নবান্ন অভিযান! স্পিকারের 'ডেরায়' গিয়ে হুঁশিয়ারি শুভেন্দুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নিউটনের তৃতীয় গতিসূত্র, যেখানে বলা হচ্ছে, 'প্রত্যেক ক্রিয়ার সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে'। হিন্দুদের ভোট দিতে না দেওয়া, গৃহহীন করে রাখা, খুন, সন্ত্রাসের মতো অভিযোগে বারবার শুভেন্দুবাণে বিদ্ধ হয় তৃণমূল। বারুইপুরে এসপি অফিসের সামনে বৃহস্পতিবারের বিক্ষোভসভা থেকেও বিরোধী দলনেতা তূণীর থেকে তির ছুড়তে ভুললেন না। স্পষ্ট করে বলে দিলেন, 'তৃণমূলী গুন্ডাদের যাবতীয় দুষ্কর্মের হিসেব হবে। হিসেব নেবে বিজেপি।' শুধু

এরপর ৩ পৃষ্ঠায়

# ‘রাজ্যকে ঋণের ফাঁদে জড়িয়ে আমার হাতে তুলেছিল’, লন্ডন থেকেই বাংলার বামেদের আক্রমণ মমতার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**লন্ডন:** লন্ডন সফরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার ছিল তাঁর সফরের অন্যতম কর্মসূচি। যে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে সেই দেশে পাড়ি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। সেই অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের কেলগ কলেজেই ছিল মমতার ভাষণ পর্ব।

কেন্দ্রের ছাড়পত্র নিয়েই লন্ডনে সফরে গিয়েছেন তিনি। সেই নিরিখে বলা যেতে পারে, ব্রিটিশ ভূমে আপাতত ভারতের প্রতিনিধি মমতা বন্দ্যোপাধ্যায়। সেই প্রতিনিধিরই ভাষণপর্বে চড়ল রাজনৈতিক রঙ। প্রায় আট হাজার কিলোমিটার দূর থেকেই বাংলার বামেদের আক্রমণ করলেন তিনি।

এদিন মমতার ভাষণপর্বেই রাজ্যের বেকারত্ব, আরজি কর-সহ একাধিক ইস্যু নিয়ে সেই সভাকক্ষে বিক্ষোভ করতে দেখা যায় বাম ছাত্র পরিষদ SFI-এর ব্রিটেন শাখাকে। মুখ্যমন্ত্রী সংযত থেকে তাদের উত্তর দিলেও, পাল্টা তাঁর বিরুদ্ধে স্লোগান, প্রতিবাদ, এমনকি

এরপর ৩ পাতায়




# দু'বার হাজিরা এড়ানোয় ফের অর্জুনের বাড়িতে পুলিশ, কী বললেন বিজেপি নেতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভাটপাড়ার বোমা-গুলি কাণ্ডে পর পর দু'বার পুলিশি নোটিস এড়ানোয় ফের অর্জুন সিংয়ের বাড়িতে পৌঁছে গেল পুলিশ। সূত্রের খবর, এদিন বিকেল পাঁচটার কিছু পরে দ্বিতীয়বার অর্জুনের বাড়িতে হাজির হয় বিশাল পুলিশবাহিনী।

সূত্রের খবর, পর পর দু'বার হাজিরা এড়ানোয় বাড়িতেই জিজ্ঞাসাবাদ করা হয় প্রাক্তন সাংসদকে। টানা ১ ঘণ্টার বেশি সময় পুলিশ অর্জুনকে জিজ্ঞাসাবাদ করায় গ্রেফতারির জল্পনাও ছড়িয়ে পড়ে। পরে সাড়ে ৬ টা নাগাদ অর্জুনের বাড়ি থেকে বের হন পুলিশ কর্তারা। তবে জিজ্ঞাসাবাদের বিষয়ে তাঁরা কোনও মন্তব্য করতে চাননি।

বুধবার রাত থেকে নতুন করে উত্তপ্ত ভাটপাড়া। রাতের অন্ধকারে কে বা কারা ভাটপাড়া পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা, প্রাক্তন সাংসদ তথা বিজেপি নেতা অর্জুন সিংয়ের বাড়ির সামনে গুলি চালিয়েছে বলে অভিযোগ।

ওই ঘটনায় এদিন সকাল ১০টায় অর্জুনকে তলব করেছিল পুলিশ। তা এড়ানোয় বেলাতে অর্জুনের বাড়িতে গিয়ে নোটিস ধরিয়ে আসে পুলিশ। দুপুর ২টোয় থানায় হাজির হওয়ার কথা বলা হয়েছিল। তবে অর্জুন তা এড়িয়ে যান। এরপরই বিকেল পাঁচটা নাগাদ অর্জুনের বাড়িতে হাজির হয় বিশাল পুলিশবাহিনী।

এর কিছু আগে সাংবাদিক বৈঠকে অর্জুন বলেন, "কালকের পর আজকে ফাঁড়ির পাশেও একটা বাড়িতে বোমা পড়ল। অথচ তৃণমূলের অপরাধীদের আড়াল করতে পুলিশ আমাকে বার বার নোটিস ধরাচ্ছে। তবু আমি চ্যালেঞ্জ করছি, ক্ষমতা থাকলে পুলিশ সিসিটিভি প্রকাশ্যে আনুক। সবটা স্পষ্ট হয়ে যাবে।"

একই সঙ্গে হনুমানের লঙ্কাকাণ্ড মনে করিয়ে অর্জুন বলেন, "আমি রামভক্ত। হনুমান যেভাবে রাবণের লঙ্কা ধ্বংস করেছিল জেনে রাখুন মমতার রাজত্বও আমিই সেভাবে দহন (ধ্বংস) শেষ করব!" কোন পথে? অর্জুনের রহস্যমিশ্রিত জবাব, "অপেক্ষা করুন দেখতে পাবেন!"

তবে বুধবার রাতের গুলি কাণ্ডে অর্জুন সিংকেই দায়ী করেছেন স্থানীয় তৃণমূল নেতা সোমনাথ শ্যাম। তাঁর অভিযোগ, "অর্জুন ও তার দলবলই যে ভাটপাড়াকে উত্তপ্ত করছে তার যথেষ্ট প্রমাণ রয়েছে আমার কাছে।"

# মোদির আমন্ত্রণ গ্রহণ করেছেন পুতিন, ভারত সফরের প্রস্তুতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণ গ্রহণ করেছেন বলে জানিয়েছেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ। রাশিয়ান আন্তর্জাতিক বিষয়ক কাউন্সিল (আরআইএসি) আয়োজিত 'রাশিয়া ও ভারত: একটি নতুন দ্বিপাক্ষিক এজেন্ডার পথে' শীর্ষক সম্মেলনে ভিডিও ভাষণে ল্যাভরভ বলেন, 'পুতিনের ভারত সফরের প্রস্তুতি চলছে।' ভারতের সংবাদমাধ্যম দ্য নিউ ইন্ডিয়ান এক্সপ্রেস এ খবর জানিয়েছে।

রাষ্ট্রীয় সংবাদ সংস্থা তাস জানিয়েছে, ল্যাভরভ বলেছেন, প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ভারত সরকারের প্রধানের আমন্ত্রণ গ্রহণ

এরপর 4 পাতায়

# যাদবপুরে অচলাবস্থা তৈরি করতে চাইছেন রাজ্যপাল: ব্রাত্য, বললেন, 'উনি বালখিল্যপনা করছেন'

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




ফের রাজ্য বনাম রাজ্যপালের সংঘাতের ইঙ্গিত!

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নিয়ে এবার রাজ্যপাল সিভি আনন্দ বোসকে দায়ী করলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। একই সঙ্গে রাজ্যের শিক্ষা ব্যবস্থা নিয়েও রাজ্যপাল বালখিল্যপনা করছেন বলেও অভিযোগ করেছেন শিক্ষামন্ত্রী।

ব্রাত্যর কথায়, "রাজ্যপাল যাদবপুরে স্থায়ী উপাচার্য দিতে পারতেন। মুখ্যমন্ত্রী তো তালিকাও দিয়েছিলেন। কিন্তু তিনি মুখ্যমন্ত্রীর তালিকা গ্রহণ না করে যাদবপুরে অচলাবস্থা তৈরি করলেন। যা করছেন, তাতে রাজ্যের শিক্ষা ব্যবস্থা নিয়ে বালখিল্য আচরণ করছেন।" এ ব্যাপারে রাজ্যপালের কোনও প্রতিক্রিয়া জানা যায়নি। প্রতিক্রিয়া এলে প্রতিবেদনে আপডেট করা হবে।

ঘটনার সূত্রপাত, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ভাস্কর গুপ্তের মেয়াদ শেষের আগেই তাঁকে অব্যাহতি দিয়েছে রাজভবন । চিঠি দিয়ে উল্লেখ করে হয়েছে এই মুহূর্ত থেকে তিনি আর যাদবপুরের দায়িত্বে থাকছেন না।

ভাস্কর গুপ্তের 'প্রফেসরশিপ'-এর মেয়াদ শেষ হওয়ার কথা ছিল ৩১ মার্চ। তার আগেই ভাস্কর গুপ্তকে অব্যাহতি দেওয়া হল। যা নিয়ে প্রশ্ন তুলেছেন শিক্ষামন্ত্রী। ব্রাত্য বসু বলেন, ক'দিন আগেই আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোসকে চিঠি দিয়ে মেয়াদ শেষের আগে স্থায়ী উপাচার্য পদে নিয়োগ চেয়ে চিঠি পাঠানো হয়েছিল। কিন্তু তাতে গুরুত্ব না দিয়ে যাদবপুরকে উপাচার্যহীন করে অচলাবস্থা তৈরি করলেন রাজ্যপাল।

সম্প্রতি বেসরকারি বিল নিয়ে রাজ্য বনাম রাজ্যপালের সংঘাত সামনে এসেছে। এরই মধ্যে এবার স্থায়ী উপাচার্য নিয়োগ নিয়েও ফের প্রকাশ্যে দু'পক্ষের মতান্তর।







(১ম পাতার পর)

# 'রাজ্যকে ঋণের ফাঁদে জড়িয়ে আমার হাতে তুলেছিল', লন্ডন থেকেই বাংলার বামেদের আক্রমণ মমতার

মিথ্যাচারের অভিযোগ তোলেন পড়ুয়ারা। অবশ্য, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় জানিয়েছে, তারা কেউই বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া নয়। উল্লেখ্য, লন্ডনে অক্সফোর্ড সভাকক্ষে উত্তেজনা যখন তুঙ্গে সেই সময় মমতা বিক্ষোভকারীদের নিশানা করে বলেন, 'আপনারা আপনাদের পার্টিকে মজবুত করুন। যাতে ওরা আমার সঙ্গে লড়তে পারে।' কিন্তু তারপরেও স্লোগান না থামলে, মুখ্যমন্ত্রী বামেদের সঙ্গে সংঘর্ষে তার মাথা ফেটে যাওয়ার একটি ছবি তুলে ধরে বলেন, 'আপনাদের নেতারা তো আমাকে মেরেই ফেলছিল।'

এরপরই আবার যখন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাৎকারে বসেন মমতা। সেই সময় তাঁকে রাজ্যের অর্থনীতি নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'বাংলায় এখনও বামেদের ল্যাজটা ফুরোয়নি। তারা কাজ না করে শুধুই ঋণ নিয়েছে। তাই আমরা এখনও ঋণের ফাঁদে পড়ে রয়েছি। তাছাড়াও ওদের সময় রাজ্যে কোনও FRBM ব্যবস্থা ছিল না। কিন্তু আমরা ক্ষমতায় এসেই তা শুরু করেছি। যার মাধ্যমে প্রয়োজন ছাড়া কোনও দফতর ঋণ তুলতে পারবে না।'

বামেদের আক্রমণ করেই কিন্তু ক্ষান্ত হননি মুখ্যমন্ত্রী। এরপর কেন্দ্রের বিরুদ্ধে GST-বঞ্চনার অভিযোগ তুলে তিনি বলেন, 'বর্তমানে দেশে একটাই শুল্ক, তা হল GST। কিন্তু সেখানেও কেন্দ্র আমাদের প্রাপ্য দিচ্ছে না।'

(১ম পাতার পর)

# এপ্রিলেই বিজেপির নবান্ন অভিযান! স্পিকারের 'ডেরায়' গিয়ে হুঁশিয়ারি শুভেন্দুর

তাই নয়, বলেই দিলেন এপ্রিলেই নবান্ন অভিযান কর্মসূচি হচ্ছে।

বুধবার শর্তসাপেক্ষে কলকাতা হাইকোর্ট অনুমতি দিয়ে বলে, বৃহস্পতিবার বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের নির্বাচনী কেন্দ্রে বিক্ষোভ কর্মসূচি করতে পারবে বিজেপি। শর্ত মেনে ১০০০ লোক নিয়ে এদিন সভামঞ্চ থেকে শুভেন্দু বললেন, "'২১ সালের পর থেকে একেরপর এক বিজেপি নেতা খুন হয়েছেন। এখনও ঘরছাড়া বহু বিজেপি কর্মী-সমর্থক। বাংলায় গণতন্ত্র বলে কোনও শব্দ নেই। বারবার রক্ত ঝরেছে অথচ বিচার মেলেনি। তৃণমূলের খুনিরা এখনও প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে।"

তাঁর কথায়, "২৩ সালের দক্ষিণ ২৪ পরগনায় পঞ্চায়েত নির্বাচন হয়নি। সন্ত্রাস চলছে, মনোনয়ন জমা দিতে বাধা থেকে জয়ের সার্টিফিকেট পর্যন্ত ছিনিয়ে নিয়েছে। আর পুলিশ? সে তো মমতা-ভাইপোর ইশারায় কাজ করছে। আমি শুধু একটাই কথা বলে যেতে চাই, নিউটনের থার্ড ল রয়েছে, প্রত্যেক ক্রিয়ার সমান এবং বিপরীত প্রতিক্রিয়া আছে। পৃথিবীটা গোল। সব হিসাব হয়ে যাবে।"

লক্ষণ শেঠের কথা মনে করিয়ে দিয়ে বলেন, "আগে উনি বলতেন, ঢুকে দেখ, পা ভেঙে দেব। এখন তিনি ক্যালেন্ডার হয়ে গেছে। তেমনই সুশান্ত ঘোষকে খুঁজে পাওয়া যায় না। তেমনই ভাইপো অ্যান্ড কোম্পানিও চিরকাল থাকবে না।"

বস্তুত, বারুইপুরে বাধার মুখে পড়ে মিছিল না করেই ফিরতে হয়েছিল বিরোধী দলনেতাকে। তখন থেকেই এক প্রকার রণডঙ্কা বাজিয়ে রেখেছিলেন শুভেন্দু অধিকারী। এর আগে তমলুক এবং হলদিয়ায় দলীয় কর্মসূচির ক্ষেত্রেও পুলিশি বাধার মুখে পড়ে আদালতের দ্বারস্থ হন বিরোধী দলনেতা। পরে আদালতের অনুমতি নিয়ে এলাকায় মিছিল করে পদ্মশিবির।

এবার বারুইপুরেও একই ঘটনার পুনরাবৃত্তি হয়। সেদিনই বিরোধী দলনেতা স্পষ্ট করে দেন, নির্ধারিত এসপি অফিসের সামনেই বিক্ষোভ কর্মসূচি করবেন তিনি। করলেনও। কর্মীদের উদ্দেশে গতিসূত্র ধরে বুঝিয়েও দিলেন ছাব্বিশের আগের নির্বাচনী গতিপথ। যার মধ্যে রয়েছে নবান্ন অভিযানও। বললেন, "চাকরিপ্রার্থীরা রাস্তায় ঘুরছেন। নার্স, আইসিডিএস, আশাকর্মীরা রাস্তায় ঘুরছেন। এবার নবান্ন অভিযান হবে। এপ্রিলেই হবে। দেখিয়ে দেব মিছিল কাকে বলে।"

# হাইকোর্টে ধাক্কা শান্তনুর, মতুয়া মেলার অনুমতি পেলেন মমতা ঠাকুর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শান্তনু ঠাকুর নয়, মতুয়া মহাসঙ্ঘের মেলা করবে পারবেন একমাত্র মমতাবালা ঠাকুর। মেলা নিয়ে হাইকোর্টে দায়ের হওয়া মামলায় শুক্রবার এই নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট।

একই সঙ্গে আদালতের তরফে পুলিশকে মেলার নিরাপত্তা সামলানোর নির্দেশ দেওয়া হয়েছে। আদালত জানিয়েছে, মেলায় গন্ডগোল পাকাতে এলে প্রশাসন কড়া ব্যবস্থা নেবে পুলিশ।

ঘটনার সূত্রপাত, ফি-বছর ঠাকুরনগরে মতুয়া মহাসঙ্ঘের মেলা অনুষ্ঠিত হয়। জেলা পরিষদের তরফে মেলার অনুমতি দেওয়া হয়। এবারে সম্পত্তি নিয়ে মতুয়া পরিবারের দু'পক্ষের বিবাদের জেরে মেলা হবে কিনা, তা নিয়ে জটিলতা তৈরি হওয়ায় মামলা গড়িয়েছিল কলকাতা হাইকোর্টে।

প্রায় ৬২ বছর আগের বাতিল হয়ে যাওয়া আইন দেখিয়ে তৃণমূলের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুরের অনুগামীদের ঠাকুর নগরের মতুয়া উৎসবের অনুমতি দেওয়ার অভিযোগ

এরপর ৬ পাতায়

# জম্মু ও কাশ্মীরে বন্দুকযুদ্ধে তিন ভারতীয় পুলিশসহ নিহত ৬



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারত নিয়ন্ত্রিত জম্মু এবং কাশ্মীরের কাথুয়া জেলায় সন্ত্রাসীদের সঙ্গে বন্দুকযুদ্ধে তিন পুলিশ ও ২ সন্ত্রাসীসহ মোট ছয়জন নিহত হয়েছে। বৃহস্পতিবার ভারতীয় গণমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে এখবর জানিয়েছে।

বন্দুকযুদ্ধের এ ঘটনায় ভারতীয় নিরাপত্তা বাহিনীর আরও পাঁচ সদস্য আহত হয়েছেন। তাদের একটি হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, পুলিশ জঙ্গলের গভীরে প্রবেশ করে ভারী অস্ত্রধারী সন্ত্রাসীদের সঙ্গে বন্দুকযুদ্ধের মুখোমুখি হয়। তিন থেকে চার সন্ত্রাসী এখনও ওই এলাকায় লুকিয়ে আছে। একজন ডেপুটি পুলিশ সুপারসহ পাঁচজন নিরাপত্তা কর্মী আহত হয়েছেন। তারা হাসপাতালে চিকিৎসাধীন।

গত চার দিন ধরে ওই এলাকায় যৌথবাহিনী অভিযান পরিচালনা করছে। যার মধ্যে রয়েছে- ভারতীয় সেনাবাহিনী, জাতীয় নিরাপত্তা গার্ড, সীমান্ত নিরাপত্তা ফোর্স, পুলিশ, স্পেশাল অপারেশন গ্রুপ এবং কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ ফোর্স।

গতকাল বৃহস্পতিবার এসব যৌথ বাহিনীর অভিযানে হেলিকপ্টার, ড্রোন, বুলেটপ্রুফ গাড়ি, স্নাইপার কুকুর ব্যবহার করা হয়। যৌথ বাহিনী একাধিক বক্তিকে জিজ্ঞাসাবাদ করে সন্দেহভাজন তিনজনকে গ্রেফতার করেছে। এছাড়া মঙ্গলবার ওই এলাকা থেকে দুটি গ্রেনেড উদ্ধার করা হয়েছে।

## সম্পাদকীয়

### গ্রিনল্যান্ড দখলের পরিকল্পনা যুক্তরাষ্ট্রের ফাঁকা বুলি মনে করা ‘বড় ধরনের ভুল’ হবে: পুতিন

বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ডকে যুক্তরাষ্ট্রের সীমানাভুক্ত করার যে সংকল্প মার্কিন নতুন প্রশাসন করেছে, সেটিকে ফাঁকা বুলি মনে করা ‘বড় ধরনের ভুল’ হবে বলে মন্তব্য করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

গতকাল বৃহস্পতিবার রাশিয়ার উত্তরাঞ্চলীয় শহর মুরমানস্কে আর্কটিক ফোরামে পুতিন বলেন, ‘(গ্রিনল্যান্ড দখলের বিষয়ে) আমেরিকার নতুন প্রশাসনের বক্তব্যকে ফাঁকা বুলি মনে করা হবে বড় ধরনের ভুল। এটা ওই ধরনের কথা নয়।’

তিনিআরও বলেন, ‘গ্রিনল্যান্ডের বিষয়ে আমেরিকার গুরুত্বসহকারে নেওয়া পরিকল্পনা নিয়ে আমরা কথা বলছি। এসব পরিকল্পনার দীর্ঘ দিনের ঐতিহাসিক যোগসূত্রতা রয়েছে।’

গত জানুয়ারিতে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব গ্রহণের পর ডেনমার্কের স্বশাসিত দ্বীপটির দখল নিতে তৎপরতা চালিয়ে যাচ্ছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার ভাষ্য, ‘আন্তর্জাতিক নিরাপত্তার’ জন্য এই দ্বীপটির নিয়ন্ত্রণ নেওয়া প্রয়োজন ওয়াশিংটনের।

গত ১৪ মার্চ ওয়াশিংটনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের কার্যালয় ওভাল অফিসে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন সামরিক জোট নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশনের (ন্যাটো) মহাসচিব মার্ক রুটের সঙ্গে বৈঠক করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেখানেই গ্রিনল্যান্ডের প্রসঙ্গটি তোলেন তিনি।

ন্যাটো মহাসচিবকে ট্রাম্প বলেন, “আপনি জানেন মার্ক, আন্তর্জাতিক নিরাপত্তার জন্য গ্রিনল্যান্ডের দখল আমাদের প্রয়োজন। এটা কিন্তু শুধু নিরাপত্তা নয়—আন্তর্জাতিক নিরাপত্তা। আমাদের অনেক প্রিয় খেলোয়াড় এই দ্বীপের উপকূলের চারপাশে ঘোরাঘুরি করছে।”

এখানে ‘প্রিয় খেলোয়াড়’ বলতে রাশিয়া এবং চীনকে বুঝিয়েছেন ট্রাম্প।

আর্কটিক ফোরামে রাশিয়ার প্রেসিডেন্ট বলেন, যদিও গ্রিনল্যান্ডের মালিকানা প্রশ্নে রাশিয়া সরাসরি সম্পৃক্ত নয়, মস্কোর উদ্বেগের বিষয় হলো ন্যাটো জোটের দেশগুলো সম্ভাব্য সংঘাতের ক্ষেত্রে পৃথিবীর একেবারে উত্তরের অংশকে ব্যবহারের পরিকল্পনা নিয়ে ক্রমশ এগোচ্ছে।

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার

(সপ্তম পর্ব)





পাঠ্যপুস্তক আমি একটু একটু করে পড়ে ফেলি। সেখান থেকে যা তথ্য আমি পেয়েছি আজ সেই আরাধ্য দেবী কে নিয়ে লিখতে বসেছি।দেবী ভাগবত পুরানে আবার মনসাকে কশ্যপ মুনির কন্যা বলা হয়েছে । মহাভারত বলে মনসা দেবী বিবাহিতা । তাঁর পতির নাম জগৎকারু । তাঁদের একটি পুত্র সন্তান হয়, তাঁর নাম আস্তিক । একদা সামান্য কারনে মুনি, মনসাকে পরিত্যাগ করেন । আবার আস্তিকের প্রসঙ্গ মহাভারতে দেখা যায় । রাজা জনমেজয় সর্প নিধন যজ্ঞ আরম্ভ করলে আস্তিক সর্প কূলের প্রান রক্ষা করেন । মনসা নামের উৎপত্তি

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# মোদির আমন্ত্রণ গ্রহণ করেছেন পুতিন, ভারত সফরের প্রস্তুতি

করেছেন। বর্তমানে রাশিয়ার রাষ্ট্রপ্রধানের ভারতের সফরের প্রস্তুতি নেওয়া হচ্ছে।

ল্যাভরভ আরও উল্লেখ করেন যে, প্রধানমন্ত্রী মোদি পুনর্নির্বাচনের পর গত বছর তার প্রথম বিদেশ সফরে রাশিয়ায় গিয়েছিলেন।

তিনি বলেন, এবার আমাদের পালা। তবে সফরের নির্দিষ্ট তারিখ এখনও প্রকাশ করা হয়নি।

প্রধানমন্ত্রী মোদি ২০২৪ সালের জুলাইয়ে রাশিয়া সফর করেছিলেন। এর আগে তিনি ২০১৯ সালে ভ্লাদিভোস্তক শহরে একটি অর্থনৈতিক সম্মেলনে যোগ দিতে গিয়েছিলেন। শেষ সফরের সময়, মোদি পুতিনকে ভারত সফরের আমন্ত্রণ জানান।

চলতি বছরের ২৪ মার্চ এক অনুষ্ঠানে ল্যাভরভ বলেন, রাশিয়া ভারতের সঙ্গে একটি বিশেষাধিকারপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্ব’ গড়ে তুলছে। রাশিয়া চীন, ভারত, ইরান, উত্তর কোরিয়া এবং কমনওয়েলথ অফ ইনডিপেনডেন্ট স্টেটস (সিআইএস) দেশগুলোর সঙ্গে সক্রিয়ভাবে সম্পর্ক সম্প্রসারিত করছে।

ভারতের ৭৬তম প্রজাতন্ত্র দিবসের (জানুয়ারি) শুভেচ্ছা বার্তায়, পুতিন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী মোদিকে বলেন যে, রাশিয়া-ভারত সম্পর্ক ‘বিশেষ ও কৌশলগত অংশীদারিত্বের’ উপর ভিত্তি করে গড়ে উঠেছে।

পুতিন ও মোদি নিয়মিত যোগাযোগ রাখেন এবং কয়েক মাস অন্তর টেলিফোনে কথা বলেন। তারা আন্তর্জাতিক ইভেন্টের ফাঁকে ব্যক্তিগত বৈঠকও করেন।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সূর্য দেব নিজের রাজ্য তার পুত্র দের মাঝে ভাগ করে দিলেন। প্রত্যেক সন্তান কে এক এক লোকের অধিপতি করে দিলেন । শনি দেব এক লোকের অধিপতি হয়ে খুশি ছিলেন না ।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ‘রাম নবমী ৬ তারিখে, এখন থেকে প্র্যাকটিস করতে হবে তো!’, কী প্র্যাকটিস করার কথা বলছেন শুভেন্দু?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



**বারুইপুর:** বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ দলের বিধায়ক ও কর্মীদের উপর আক্রমণের প্রতিবাদে বারুইপুরে পুলিশ সুপারের অফিসের সামনেই বড় কর্মসূচির ডাক দিয়েছিল বিজেপি। অনুমতি পেতে ছুটতে হয়েছিল হাইকোর্টে। অনুমতি পেতেই সেই সভা থেকে এদিন দফায় দফায় পুলিশের বিরুদ্ধে গর্জে উঠলেন শুভেন্দু। উঠে এল রাম নবমীর প্রসঙ্গও। মঞ্চে উঠেই দিলেন ‘জয় শ্রী রাম’, ‘ভারত মাতা কী জয়ের’ মতো স্লোগান। স্লোগানকে হাতিয়ার করেই কর্মীদের দিলেন নতুন অক্সিজেন। শুভেন্দু যখন জয় শ্রী রাম স্লোগান দিচ্ছেন তখন বেশ কিছু কর্মী তাঁর সঙ্গে গলা মেলান। কিন্তু, স্লোগানের ঝাঁঝ কম দেখে সঙ্গে সঙ্গেই শুভেন্দু বলে ওঠেন, “আরও জোরে, আরও জোরে বলুন। ৬ তারিখে তো রাম নবমী। এখন থেকে প্র্যাকটিস করতে হবে তো!” ফের কিছুটা থেমে ফের রণ হুঙ্কারের সুরেই দেন জয় শ্রী রাম। পাল্টা গর্জে ওঠেন সমবেত কর্মীরা। সুর এক্কেবারে সপ্তমে। পিছনে তখন বসে অগ্নিমিত্রা পাল, তাপস রায়ের মতো নেতারা। তাঁদেরও গলা মেলাতে দেখা যায় শুভেন্দুর সঙ্গেই।

প্রসঙ্গত, কিছুদিন আগেই রাম নবমীতে ১ কোটি বাঙালিকে পথে নামার ডাক দিয়েছিলেন শুভেন্দু। সাফ বলেছিলেন, “গতবার ৫০ লক্ষ হিন্দু নেমেছিল, একহাজার মিছিল হয়েছিল। এবার ২ হাজার মিছিল হবে, ১ কোটি হিন্দু রাস্তায় থাকবে।” এমনকী পুলিশের ভূমিকা নিয়েও পরবর্তীতে দফায় দফায় তোপ দেগেছিলেন তিনি। সাফ বলেছেন, রাম নবমীর মিছিলের জন্য কোনও অনুমতি নেওয়ার প্রয়োজন নেই। পুলিশের প্রোফর্মা নিয়ে বলতে গিয়ে বলেন, “আমরা সব জায়গায় বলে দিচ্ছি এই প্রোফর্মা কেউ ফিলাপ করবেন না। প্রোফর্মাতে কমিটির নাম, পুজোর স্থান, সেক্রেটারি ও প্রেসিডেন্টের নাম ও মোবাইল নম্বর, শোভাযাত্রা হবে কিনা, হলে যাত্রাপথ জানতে চাইছে। একইসঙ্গে বলছে ওই রুটে অন্য ধর্মের কোনও প্রতিষ্ঠান আছে কিনা, মুসলিম মহল্লার নাম, পুলিশ চাইছে।” এখানেই কপালে চিন্তার ভাঁজ চাওড়া হয়েছে বিজেপি নেতাদের। এদিন ফের বারুইপুর থেকে সেই পুলিশকেই চাঁচাছোলা ভাষায় তোপ দাগতে দেখা গেল শুভেন্দুকে।

# ‘এক একজন পুলিশকে আমরা দশজন মিলে দেখে নিতে পারি’, উত্তরকন্যা অভিযানে ব্যারিকেড পড়তেই গর্জে উঠলেন মীনাক্ষীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**শিলিগুড়ি:** বেকারত্ব বিরোধী দিবসে উত্তরকন্যা অভিযানে DYFI. নেতৃত্বে মীনাক্ষী মুখোপাধ্যায় থেকে কলতান দাশগুপ্তের মতো বাম নেতৃত্বরা। এদিকে সকাল থেকেই জল কামান, লোহার ব্যারিকেড নিয়ে প্রস্তুত পুলিশ। পুলিশের বাধা পেতেই তিন বাতির মোড়ের কাছে রাস্তায় বসে পড়েন DYFI নেতৃত্ব। অন্যদিকে উত্তরকন্যা যাওয়ার অনুমতি নেই, মাইকে লাগাতার ঘোষণা করে জানিয়ে দেয় পুলিশ। তপ্ত হয়ে ওঠে পুলিশ। তবে ডেপুটেশন না দিয়ে বাড়ি ফিরতে নারাজ বাম যুব সমর্থকেরা।

অনুমতি নিয়ে টানাপোড়েনের মধ্যে মীনাক্ষীরা জানাচ্ছেন, তাঁদের লিখিত কোনও কাগজ দেওয়া হয়নি। লিখিতভাবে পুলিশের তরফে জানানো হয় তাঁদের মিছিল করে উত্তরকন্যা যাওয়ার অনুমতি নেই। সে কারণেই তাঁরা মিছিল করে এগিয়ে এসেছেন। কিন্তু, পুলিশি বাধা পেতেই তিন বাতি মোড়ে বসে পড়েন বাম কর্মীরা। যে জায়গায় তাঁরা বসে পড়েছেন সেখান থেকে ঢিল ছোড়া দূরত্বেই বিশাল ব্যারিকেড দিয়ে দিয়েছে পুলিশ। সব মিলিয়ে সকাল থেকেই টানটান উত্তেজনা এলাকায়।

মিছিল থেকেই ক্ষোভের সুরে মীনাক্ষী বলছেন, “কিসের জন্য জল কামান আনবে? কে দেয় অর্ডার? এক একজন পুলিশকে আমরা দশজন মিলে দেখে নিতে পারি। কিন্তু, গণতন্ত্রকে রক্ষা করতে এসেছি। তাই যে পুলিশ ব্যারিকেড দিয়েছে তাঁরাই ওটা সরিয়ে আমাদের যেতে দেওয়ার ব্যবস্থা করবে।” কলতান দাশগুপ্ত বলছেন, ডেপুটেশন দিতে যাওয়ার কথা আমাদের। কিন্তু, পুলিশ কেন রাস্তায় দাঁড়িয়ে আছে আমরা বুঝতে পারছি না। আমরা চাইলেই ব্যারিকেড ভেঙে এগিয়ে যেতে পারি। কিন্তু, আমাদের দাবি বেকারদের কাজ। তার জন্য উত্তরকন্যায় মন্ত্রী, অফিসারদের সঙ্গে দেখা করে দাবি আদায় করে আনতে চাই।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# গ্রিনল্যান্ড দখলের পরিকল্পনা যুক্তরাষ্ট্রের ফাঁকা বুলি মনে করা ‘বড় ধরনের ভুল’ হবে: পুতিন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ডকে যুক্তরাষ্ট্রের সীমানাভুক্ত করার যে সংকল্প মার্কিন নতুন প্রশাসন করেছে, সেটিকে ফাঁকা বুলি মনে করা ‘বড় ধরনের ভুল’ হবে বলে মন্তব্য করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।



গতকাল বৃহস্পতিবার রাশিয়ার উত্তরাঞ্চলীয় শহর মুরমানস্কে আর্কটিক ফোরামে পুতিন বলেন, ‘(গ্রিনল্যান্ড দখলের বিষয়ে) আমেরিকার নতুন প্রশাসনের বক্তব্যকে ফাঁকা বুলি মনে করা হবে বড় ধরনের ভুল। এটা ওই ধরনের কথা নয়।’

তিনিআরও বলেন, ‘গ্রিনল্যান্ডের বিষয়ে আমেরিকার গুরুত্বসহকারে নেওয়া পরিকল্পনা নিয়ে আমরা কথা বলছি। এসব পরিকল্পনার দীর্ঘ দিনের ঐতিহাসিক যোগসূত্রতা রয়েছে।’

গত জানুয়ারিতে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব গ্রহণের পর ডেনমার্কের স্বশাসিত দ্বীপটির দখল নিতে তৎপরতা চালিয়ে যাচ্ছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার ভাষ্য, ‘আন্তর্জাতিক নিরাপত্তার’ জন্য এই দ্বীপটির নিয়ন্ত্রণ নেওয়া প্রয়োজন ওয়াশিংটনের।

গত ১৪ মার্চ ওয়াশিংটনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের কার্যালয় ওভাল অফিসে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন সামরিক জোট নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশনের (ন্যাটো) মহাসচিব মার্ক রুটের সঙ্গে বৈঠক করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেখানেই গ্রিনল্যান্ডের প্রসঙ্গটি তোলেন তিনি।

ন্যাটো মহাসচিবকে ট্রাম্প বলেন, “আপনি জানেন মার্ক, আন্তর্জাতিক নিরাপত্তার জন্য গ্রিনল্যান্ডের দখল আমাদের প্রয়োজন। এটা কিন্তু শুধু নিরাপত্তা নয়— আন্তর্জাতিক নিরাপত্তা। আমাদের অনেক প্রিয় খেলোয়াড় এই দ্বীপের উপকূলের চারপাশে ঘোরাঘুরি করছে।”

এখানে ‘প্রিয় খেলোয়াড়’ বলতে রাশিয়া এবং চীনকে বুঝিয়েছেন ট্রাম্প।

আর্কটিক ফোরামে রাশিয়ার প্রেসিডেন্ট বলেন, যদিও গ্রিনল্যান্ডের মালিকানা প্রশ্নে রাশিয়া সরাসরি সম্পৃক্ত নয়, মস্কোর উদ্বেগের বিষয় হলো ন্যাটো জোটের দেশগুলো সম্ভাব্য সংঘাতের ক্ষেত্রে পৃথিবীর একেবারে উত্তরের অংশকে ব্যবহারের পরিকল্পনা নিয়ে ক্রমশ এগোচ্ছে।

# ‘বাংলাদেশি’দের নিয়ে দুশ্চিন্তায় ভারত

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতের লোকসভায় বৃহস্পতিবার পাশ হলো নতুন অভিবাসন বিল (অভিবাসন এবং বিদেশি নাগরিক বিল-২০২৫), যা দেশটির জাতীয় নিরাপত্তা আরও মজবুত করতে সহায়তা করবে বলে দাবি করেছেন ভারতীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এই বিলের মাধ্যমে অবৈধ অভিবাসন রোধ এবং দেশের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কড়া পদক্ষেপ নেওয়ার কথা বলা হয়েছে।



বিলটি পেশ করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই এবং পরে অমিত শাহ তার বক্তব্যে জানান, ‘ভারত কোনো ধর্মশালা নয়, দেশের নিরাপত্তা ঝুঁকিতে ফেলতে পারে এমন কাউকে এই দেশে প্রবেশ করতে দেওয়া হবে না।’

তিনি আরও জানান, ‘যদি কেউ দেশের উন্নয়নে অবদান রাখতে চান, তাদের সবসময় স্বাগত জানানো হবে।’ তবে বাংলাদেশি এবং রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশের বিষয়টি বিশেষভাবে উল্লেখ করেন শাহ।

তিনি অভিযোগ করেন, আসাম এবং পশ্চিমবঙ্গের মতো রাজ্য দিয়ে অবৈধ অনুপ্রবেশ বেড়েছে, বিশেষ করে কংগ্রেস এবং তৃণমূল সরকারের শাসনকালে।

শাহ বলেন, বাংলাদেশি অনুপ্রবেশকারীরা ভুয়া নথির মাধ্যমে ভারতীয় আধার কার্ড পাচ্ছে, যা দেশের নিরাপত্তার জন্য উদ্বেগের বিষয়। পশ্চিমবঙ্গের সীমান্তে কাঁটাতারের কাজ আটকে থাকার প্রসঙ্গেও তিনি মন্তব্য করেন, যার জন্য রাজ্য সরকারকে দায়ী করেন। তৃণমূল অবশ্য শাহের এই মন্তব্যের বিরুদ্ধে সোচ্চার হয়েছে এবং বিএসএফের কার্যক্রমে ত্রুটির অভিযোগ করেছে।

এ বিষয়ে তৃণমূলের মুর্শিদাবাদের সংসদ সদস্য আবু তাহের খান মন্তব্য করেছেন, ‘অমিত শাহের বক্তব্যে তার ব্যর্থতা স্পষ্ট। বিএসএফ যদি সীমান্তরক্ষার বদলে অনৈতিক কাজকর্মে যুক্ত হয়, তার দায় রাজ্য সরকারের নয়, কেন্দ্রীয় সরকারের।’

(৩ পাতার পর)

## হাইকোর্টে ধাক্কা শান্তনুর, মতুয়া মেলার অনুমতি পেলেন মমতা ঠাকুর

উঠেছিল উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের বিরুদ্ধে।

ওই মামলায় দু'পক্ষের সওয়াল জবাবের পর জেলা পরিষদের অনুমতি বাতিল করে আদালত জানিয়েছিল, ১৯৭৩ সালে রাজ্য পঞ্চায়েত আইন আসার পর ১৯৬৩ সালের জেলা পরিষদ আইন অবলুপ্ত হয়ে গেছে। তারপরেও জেলা পরিষদের আইনকে দেখিয়ে একপক্ষকে অনুমতি দিয়েছে জেলা পরিষদ।

এরপরই মতুয়া সঙ্ঘের অধিকার নিয়ে নতুন করে দুপক্ষকে জেলা পরিষদের কাছে আবেদন জানানোর নির্দেশ দিয়েছিলেন বিচারপতি। আদালত জানিয়েছে, দু'পক্ষের আবেদন খতিয়ে দেখে জেলা পরিষদকে সিদ্ধান্ত নিতে হবে। সেই মতো জেলা পরিষদের তরফে মমতাবালা ঠাকুরদেরই মেলা করার অনুমতি দেওয়া হয়েছিল। এ ব্যাপারে হাইকোর্টে গিয়েছিলেন বিজেপি সাংসদ শান্তনু ঠাকুর। তার আর্জি খারিজ করে দেয় আদালত। এখন দেখার এ ব্যাপারে শান্তনু ঠাকুর শীর্ষ আদালতের দ্বারস্থ হন কিনা।

# সিনেমার খবর

## অক্ষয়ের সিনেমা নিয়ে বেফাঁস মন্তব্য করে বসলেন জয়া

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন


জয় বচ্চন, অক্ষয় কুমার ও ভূমি পেড়নেকর

হঠাৎ রেগে যাওয়া ও বেফাঁস মন্তব্য করার জন্য মাঝে মাঝেই খবরের শিরোনাম হন অভিনেত্রী জয়া বচ্চন। সম্প্রতি বেশ কয়েকবার মেজাজ হারাতে দেখা গেছে তাঁকে। কিন্তু এবার তিনি যা করলেন তা রীতিমতো অবাক করে দিয়েছে সবাইকে। অক্ষয় কুমারের সিনেমার নাম উল্লেখ করেই নিজের সমস্ত ক্ষোভ উগরে দিলেন অমিতাভঘরনী।

২০১৭ সালে মুক্তিপ্রাপ্ত সিনেমা ‘টয়লেট- এক প্রেম কথা’ সিনেমা। এটি ছিল মূলত সচেতনতামূলক সিনেমা। গ্রামের মহিলাদের শৌচাগার তৈরি করার বিষয়কে ঘিরে এই সিনেমাটি তৈরি করা হয়েছিল। শুধু এই সিনেমা নয়, ‘প্যাডম্যান’ সিনেমার মতো মেয়েদের শারীরিক বিষয় নিয়ে সচেতনতামূলক সিনেমায় অভিনয় করতে দেখা যায় অক্ষয় কুমারকে।

বুধবার আলোচনা সভায় ‘টয়লেট’ সিনেমার নাম নিয়ে আপত্তি জানান জয়া। অভিনেত্রী বলেন, ‘ছবির নামটা একবার দেখুন। ছবির যদি এরকম নাম হয়, সেই ছবি কোনও দিন আমি দেখতে যাব না। এটা কোনও নাম হল? এই ছবি হয়তো এত লোকের মাঝে চারজন দেখবে, তা সত্যি খুব দুঃখজনক। একদম ফ্লপ ছবি এটি।’

অক্ষয়ের ‘টয়লেট’ সিনেমা নিয়ে জয়া বচ্চনের মন্তব্য ঘিরে বিতর্ক তৈরি হলেও অক্ষয় কুমার এখনও এই বিষয় নিয়ে কোনও কথা বলেননি। অমিতাভ বা অভিষেকের পক্ষ থেকেও এ বিষয় নিয়ে মন্তব্য করতে শোনা যায়নি।

‘টয়লেট’ সিনেমার অক্ষয় কুমার ছাড়াও অভিনয় করেছেন ভূমি পেড়নেকর, অনুপম খের, সুধীর পাণ্ডে, দিব্যেন্দু শর্মাসহ আরও অনেকে।

## হেমা মালিনীর বিরুদ্ধে ধর্ম অবমাননার অভিযোগ গড়াল থানা পর্যন্ত

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন


হেমা মালিনী

পুরীর জগন্নাথ মন্দিরে পূজা দিতে গিয়ে বিপাকে অভিনেত্রী এবং বিজেপি সাংসদ হেমা মালিনী। গত সপ্তাহে দোলের সময় পুরীর মন্দিরে যান তিনি। ‘ড্রিম গার্ল’-এর সঙ্গে ছিলেন পুরীর বিজেপি সাংসদ এবং জাতীয় মুখপাত্র সম্বিত বেরা। কিন্তু ধর্মীয় ভাবাবেগে আঘাত দেওয়ার অভিযোগে হেমা মালিনীর নামে পুরীর সিংহদ্বার থানায় অভিযোগ দায়ের করেছে জগন্নাথ সেনা দল।

এই ধর্মীয় সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, হেমা মালিনীর পুরীর মন্দিরে পূজা দেওয়া একেবারেই নিয়ম বহির্ভূত। অভিনেত্রী মুসলিম অভিনেতাকে বিয়ে করে ধর্মান্তরিত হয়েছেন। হেমা মালিনী পুরীর মন্দিরে আসায় সনাতন সম্প্রদায়ের ধর্মীয় ভাবাবেগে আঘাত লেগেছে।

সংগঠনের পক্ষ থেকে হেমা মালিনীর বিরুদ্ধে দায়ের করা অভিযোগে বলা আছে, ১৯৭৯ সালের ২১ আগস্ট মুম্বাইয়ের ফয়জাবাদের এক মসজিদে গিয়ে ধর্মান্তরিত হয়েছেন হেমা মালিনী। ইসলাম ধর্ম গ্রহণ করেন তিনি। তখন ধর্মেন্দ্র বিবাহিত ছিলেন। প্রথম স্ত্রী প্রকাশ কউরের সঙ্গে তখনও বিবাহবিচ্ছেদ হয়নি ধর্মেন্দ্রের। বিবাহ বিচ্ছেদের আগেই হেমা মালিনীকে বিয়ে করেন তিনি।

হিন্দু বিবাহ আইন অনুযায়ী স্ত্রী থাকাকালীন দ্বিতীয় বিবাহ করা যায় না। সেই কারণে ইসলাম ধর্ম গ্রহণ করেন ধর্মেন্দ্র। তখন হেমামালিনীকেও ধর্মান্তরিত হতে হয়। জগন্নাথ সেনা দলের হেমা মালিনীকে জগন্নাথ মন্দিরে পূজা দেওয়ায় আপত্তি জানানোর কারণ এটাই। যদিও এই বিষয়ে হেমামালিনী কোনও মন্তব্য করেননি।

## সালমানের পর বিবেকের সঙ্গে ঐশ্বরিয়ার প্রেম নিয়ে যা জানা গেল


সালমান খান, ঐশ্বরিয়া রায় ও বিবেক ওবেরয়

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউড তারকা সালমান খান ও ঐশ্বরিয়া রায়ের প্রেমের সম্পর্ক নিয়ে আজও চর্চা হয়। ‘হাম দিল দে চুকে সানাম’ ছবির শুটিংয়ের সময় নাকি তাঁদের সম্পর্ক গড়ে ওঠে। সেই সময় চুটিয়ে প্রেম করলেও তা স্থায়ী হয়নি। মাঝ পথেই ভেঙে যায় সালমান-ঐশ্বরিয়ার প্রেম।

ভারতীয় গণমাধ্যমে এর আগে ঐশ্বরিয়া সঙ্গে বিবেকের সম্পর্ক নিয়ে খবর এসেছে। সেখানে বলা হয়, সালমানের সঙ্গে প্রেমের সম্পর্ক ভেঙে যাওয়ার পর নাকি বিবেক ওবেরয়ের সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন ঐশ্বরিয়া। এই খবর ছড়ানোর পর সালমানের থেকে হুমকিও পেয়েছিলেন বিবেক।

এতোদিন ধরে যে খবর ছড়ানো হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা বলে দাবি করেছেন মুম্বাইয়ের এক সাংবাদিক। তাঁর দাবি, ঐশ্বরিয়া ও বিবেকের মধ্যে প্রেমের সম্পর্ক গড়েই ওঠেনি। এই গুজবের কারণে সালমান-ঐশ্বরিয়ার মধ্যে আরও দূরত্ব বেড়ে যায়।

ওই সাংবাদিকের কথায়, ‘বলা হয়, সালমান খানের পর ঐশ্বরিয়ার সঙ্গে প্রেমের সম্পর্কে জড়িয়েছিলেন বিবেক- এই খবর সম্পূর্ণ মিথ্যা। ঐশ্বরিয়ার বাবা-মা এই সম্পর্ক নিয়ে সন্দেহে ছিলেন।’ ওই সময় ঐশ্বরিয়াকে বিয়ে করতে চেয়েছিলেন সালমান। কিন্তু রাজি ছিলেন না অভিনেত্রী। তিনি কাজে মনোযোগ দিতে চেয়েছিলেন।

# নিলামে দল না পাওয়া শার্দুলই এখন সর্বোচ্চ উইকেটশিকারি!

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

নিলামে কোনো ফ্র্যাঞ্চাইজি আগ্রহ দেখায়নি, আইপিএলে খেলার সম্ভাবনাও ছিল ক্ষীণ। তবে পরিবর্তন খেলোয়াড় হিসেবে সুযোগ পেয়েই লখনৌ সুপার জায়ান্টসের হয়ে দুর্দান্ত পারফরম্যান্স করছেন শার্দুল ঠাকুর। শুধু ভালো বোলিংই নয়, আইপিএলের সর্বোচ্চ উইকেটশিকারীর পার্পল ক্যাপ এখন তার মাথায়। নিজের সাফল্যের কৃতিত্ব তিনি দিচ্ছেন লখনৌর মেন্টর জহির খানকে।

মহসিন খানের চোটের কারণে লখনৌ শার্দুলকে দলে নেয়। তবে তার আগে থেকেই



এলএসজি ম্যানেজমেন্ট তার সঙ্গে যোগাযোগ রাখছিল। নেট বোলার হিসেবে তাকে আমন্ত্রণ জানান জহির খান। শার্দুলের প্রতি আলাদা নজরও রেখেছিলেন তিনি। সুযোগ আসতেই সেটাকে কাজে লাগিয়ে ৭ ম্যাচ শেষে তিনি এখন আইপিএলের সর্বোচ্চ উইকেটশিকারি।

হায়দরাবাদে বৃহস্পতিবার সানরাইজার্সকে ৫ উইকেটে হারানোর ম্যাচেও দারুণ অবদান রাখেন শার্দুল। ১৯০ রানে প্রতিপক্ষকে থামাতে ৩৪ রানে ৪ উইকেট নেন তিনি। তার বোলিংয়ের কল্যাণে লখনৌ ২০০ রানের নিচে লক্ষ্য পায় এবং মিচেল মার্শ (৩১ বলে ৫১) ও নিকোলাস পুরানের (২৬ বলে ৭০) ঝড়ে ২৩ বল আগে ম্যাচ জিতে নেয়।

ম্যাচসেরার পুরস্কার জিতে শার্দুল বলেন, 'আইপিএলে দল না পাওয়ায় আমি ইংল্যান্ডে গিয়ে কাউন্টি ক্রিকেট খেলার পরিকল্পনা করেছিলাম। রঞ্জি ট্রফি চলাকালে জহির খান আমাকে ফোন করে বলেছিলেন 'তোমাকে বিকল্প খেলোয়াড় হিসেবে ডাকা হতে পারে, তাই আশা ছাড়ো না।' তার কথায় অনুপ্রাণিত হয়ে আমি প্রস্তুতি চালিয়ে গেছি।'

## প্রথমবারের মত আইপিএলে দেখা গেল যে নিয়ম



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চলতি আইপিএলে বেশ কিছু নতুন নিয়ম যুক্ত হয়েছে, যার মধ্যে অন্যতম দ্বিতীয় ইনিংসে বল পরিবর্তনের নিয়ম। এবারের আসরের প্রথম পাঁচটি ম্যাচে এই নিয়ম প্রয়োগ না হলেও বুধবার কলকাতা নাইট রাইডার্স ও রাজস্থান রয়্যালসের মধ্যকার ম্যাচে প্রথমবারের মতো এটি ব্যবহার করা হয়।

গুয়াহাটির বর্ষাপারা স্টেডিয়ামে রাজস্থানের অধিনায়ক রিয়ান পরাগ দ্বিতীয় ইনিংসের ১৬তম ওভারের পর আম্পায়ারদের কাছে বল পরিবর্তনের অনুরোধ জানান, যা আম্পায়াররা গ্রহণ করেন। নতুন নিয়ম অনুযায়ী, দ্বিতীয় ইনিংসে ১১ ওভারের পর বোলিং দল চাইলে বল পরিবর্তন করতে পারে, তবে নতুন বলের বদলে দেওয়া হবে একই ওভার পুরনো অন্য একটি শুকনো বল।

শিশিরের কারণে বোলারদের বল ধরতে সমস্যা হয়, যা ব্যাটসম্যানদের জন্য সুবিধাজনক। তাই রাজস্থান দল শুকনো বল নিয়ে কলকাতার বিরুদ্ধে ম্যাচে ফিরে আসার চেষ্টা করেছিল। তবে সেই কৌশল কাজে আসেনি। বল বদলের পর মাত্র ৯ বলের মধ্যেই কলকাতা ম্যাচ জিতে নেয়।

## আইপিএল: রিয়ান পরাগের বিব্রতকর রেকর্ড

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

এবারের আইপিএলের প্রথম ইনিংসে ২০০ এর কম রান তুলে জেতার আশা করাই যেন দূরহ। রাজস্থান রয়্যালসও পারেনি গতকাল কলকাতা নাইট রাইডার্সদের বিপক্ষে। ১৫১ রান স্কোরবোর্ডে তুলেছিল বটে। কিন্তু কুইন্টন ডি ককের ৬১ বলে ৯৭ রানের পর কলকাতা ম্যাচ জিতেছে ১৫ বল হাতে রেখে।

বলতে গেলে ওই এক ইনিংসেই শেষ হয়েছে রাজস্থানের ম্যাচ জয়ের স্বপ্ন। ডি কক অপরাজিত ছিলেন ৯৭ রানে। কলকাতা ম্যাচ জিতে নেয় ৮ উইকেটে। রিয়ান পরাগ দলের ভারপ্রাপ্ত অধিনায়ক হয়ে এসে প্রথম দুই ম্যাচেই দেখলেন হারের মুখ।

রাজস্থান রয়্যালসের অধিনায়কের তালিকায় সেইসঙ্গে বিব্রতকর এক রেকর্ডও হলো তার। ২০০৮ সাল থেকে চলা এই ফ্র্যাঞ্চাইজির প্রথম অধিনায়ক হিসেবে শুরুর দুই



ম্যাচই হারলেন রিয়ান পরাগ। এর আগে আর কোনো অধিনায়ক রাজস্থানের জার্সিতে প্রথম দুই ম্যাচে হারেননি।

রাজস্থানের অধিনায়ক হিসেবে প্রথম দুই ম্যাচে দুই জয় পেয়েছিলেন রাহুল দ্রাবিড় এবং স্টিভেন স্মিথ। ১ জয় এবং ১ হার আছে আজিঙ্কা রাহানে, সাঞ্জু স্যামসন, শেন ওয়ার্ন এবং শেন ওয়াটসনের। আর রিয়ান পরাগ হারলেন দুই ম্যাচেই। প্রথম ম্যাচে হেরেছিলেন সানরাইজার্স হায়দরাবাদের কাছে। পরের হার কলকাতা নাইট রাইডার্সের কাছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR